# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৯০

১/ বিবিধ

---

আরবী

من مر بالمقابر فقرأ قل هو الله أحد " إحدى عشرة مرة، ثم وهب أجره للأموات، أعطي من الأجر بعدد الأموات

موضوع

أخرجه أبو محمد الخلال في " فضائل الإخلاص " (ق 201/2) والديلمي في " مسند الفردوس " عن عبد الله بن أحمد بن عامر: حدثنا أبي: حدثنا علي بن موسى عن أبي موسى بن جعفر بن محمد عن أبيه عن أبيه محمد بن علي عن أبيه عن أبيه الحسين عن

أبيه علي مرفوعا

قال في " الميزان ": " عبد الله بن أحمد بن عامر عن أبيه عن علي الرضا عن آبائه بتلك النسخة الموضوعة، ما تنفك عن وضعه أووضع أبيه

ذكره السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 144)

وقال الحافظ السخاوي في " الفتاوي الحديثية " له (ق 19/2 شيخ الإسلام) : " رواه القاضي أبو يعلى بإسناده عن علي، ورواه الدارقطني أيضا والنجاد كما ذكره الإمام شمس الدين محمد بن إبراهيم المقدسي في " جزء فيه وصول القراءة إلى الميت "، وعزاه القرطبي في " تذكرته " للسلفي. وأسنده صاحب " مسند الفردوس " أيضا كلاهما من طريق عبد الله بن أحمد بن عامر الطائفي عن أبيه عن علي بن موسى الرضى.. عن علي. لكن عبد الله وأبو هـ كذابان، ولوأن لهذا الحديث أصلا لكان حجة

في موضوع النزاع ولارتفع الخلاف، ويمكن أن تخريج الدارقطني له [إنما هو] في " الأفراد " لأنه لا وجود له في " سننه ". والله أعلم
والحديث أورده العجلوني في " كشف الخفاء " (2/282/2630) وقال: " رواه الرافعي في " تاريخه " عن علي
كذا قال فلم يصنع شيئا بسكوته عنه، وذلك لعدم علمه بحاله! ومثله يتكرر منه كثيرا في هذا الكتاب الذي تمام اسمه ينبيء عن موضوعه: " ... ومزيل الإلباس عما اشتهر من الأحاديث على ألسنة الناس "! فإن هذا الحديث مع شهرته ولهج القبوريين به، لم يتبين للشيخ حاله. وهو موضوع بشهادة الحافظين السخاوي والسيوطي. ولا يخدج على هذا أن السيوطي أورده أيضا في " الجامع الكبير " (2/298/1) من رواية الرافعي، ومنه نقله العجلوني! فإن جامعه هذا جمع فيه ما هب ودب، بخلاف كتابه الآخر " الجامع الصغير " فإنه ذكر في مقدمته أنه صانه عما تفرد به كذاب أووضاع. ومع ذلك فإنه لم يستطع القيام بهذا، فوقع فيه كثير من الموضوعات، كما يتبين لمن يتتبع ما ننشره في هذه " السلسلة "، أما هذا الحديث فقد وفق لصيانة كتابه منه.
أحاديث في الزهد

বাংলা

১২৯০। যে ব্যক্তিই কবরের নিকট দিয়ে যাওয়ার সময় ’কুল হু-অল্লাহু আহাদ’ সূরা এগারোবার পাঠ করে এর সাওয়াব মৃত ব্যক্তিদের জন্য হেবাহ করে (বখশিয়ে) দিবে তাকে মৃত ব্যক্তিদের সংখ্যায় সাওয়াব প্রদান করা হবে।

হাদীসটি বানোয়াট।

আবূ মুহাম্মাদ খাল্লাল “ফাযাইলুল ইখলাস” গ্রন্থে (কাফ ২/২০১), দায়লামী “মুসনাদুল ফিরদাউস” গ্রন্থে আব্দুল্লাহ ইবনু আহমাদ ইবনে আমের হতে, তিনি তার পিতা হতে, তিনি আলী ইবনু মূসা হতে, তিনি তার পিতা মূসা ইবনু জাফার ইবনে মুহাম্মাদ হতে, তিনি তার পিতা হতে, তিনি তার পিতা মুহাম্মাদ ইবনু আলী হতে, তিনি তার পিতা হতে, তিনি তার পিতা হুসাইন হতে, তিনি তার পিতা হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

হাফেয যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ আবদুল্লাহ ইবনু আহমাদ ইবনে ’আমের তার পিতা হতে, তিনি আলী

রাযা হতে, তিনি তার বাপ-দাদাদের থেকে একটি বানোয়াট কপি বর্ণনা করেছেন। এ হাদীসটি তার অথবা তার পিতা কর্তৃক বানানো হাদীসের বাইরে নয়।

হাদীসটিকে ইমাম সুয়ূতী "যাইলুল আহাদীসিল মওযুয়াহ" গ্রন্থে (পৃঃ ১৪৪) উল্লেখ করেছেন।

হাফিয সাখাবী “আল-ফাতাওয়াল হাদীসাহ” গ্রন্থে (কাফ ১৯/২) বলেনঃ হাদীসটি আবু ইয়ালা তার সনদে আলী হতে বর্ণনা করেছেন। দারাকুতনী “আল-আফরাদ” গ্রন্থে ও নাজ্জাদও হাদীসটি বর্ণনা করেছেন যেমনটি ইমাম শামসুদ্দীন মুহাম্মাদ ইবনু ইবরাহীম মাকদেসী "জুযউন ফীহি ওসূলুল কিরাআতে ইলাল মাইয়েত" গ্রন্থে উল্লেখ করেছেন। ইমাম কুরতুবী তার “তাযকিরাহ” গ্রন্থে সিলাফীর উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। "মুসনাদুল ফিরদাউস” গ্রন্থেও (পৃথক) সনদ সহকারে হাদীসটি উল্লেখ করা হয়েছে। উভয়টিই আব্দুল্লাহ ইবনু আহমাদ ইবনে আমের তুঈ সূত্রে তার পিতা হতে, তিনি আলী ইবনু মূসা রেযা হতে ... তিনি আলী হতে বর্ণনা করেছেন। কিন্তু আব্দুল্লাহ ইবনু আহমাদ ও তার পিতা উভয়েই মিথ্যুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72169

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন